

# রাজশাহী সিটি কর্পোরেশন

প্রকৌশল বিভাগ, বিদ্যুৎ শাখা  
নগর ভবন, রাজশাহী

“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

## রাজশাহী সিটি কর্পোরেশনের পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটির ১ম সভার কার্যবিবরণী

অদ্য ২৫.০২.২০২৪ তারিখে রোজ রবিবার বেলা ১২:০০ ঘটিকায় পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটির সভা কক্ষে সম্মানিত সভাপতি জনাব মোঃ রাসেল জামান এর সভাপতিত্বে কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা সংযোজনী এর ‘ক’ তে দেখান হলো। এছাড়া বিদ্যুৎ শাখার নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

আলোচ্য সূচী-১ঃ বিদ্যুৎ শাখার সামগ্রিক আলোকায়ন বিষয়ে আলোচনা ও সুপারিশ গ্রহণ।

আলোচনা : বিবেচ্য বিষয়ে সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, রাজশাহী মহানগরীর প্রধান সড়কসমূহে ইতোমধ্যে পর্যায়ক্রমে উন্নতমানের আলোকায়ন ব্যবস্থা চালু করা হচ্ছে। সে আলোকে মহানগরীর ৩০টি ওয়ার্ডসমূহে পর্যাপ্ত আলোকায়ন সেবা আগামী দিনগুলিতে জনস্বার্থে প্রদান করা হবে। এ প্রসঙ্গে সভার সভাপতি ও ৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ রাসেল জামান সভাকে অবহিত করেন যে, মহানগরীর ৩০টি ওয়ার্ডসমূহে রাস্তা/গলিপথ বৃদ্ধির ফলে নেসকো কর্তৃক নতুন পোল সংযোজিত হলেও পোলগুলিতে পর্যাপ্ত আলোকায়ন ব্যবস্থা না থাকায় জনগণের রাত্রিকালীন চলাচলে অসুবিধা হচ্ছে। এছাড়া আসন্ন মাহে রমজান উপলক্ষে সেহরীর পর ফজরের নামায আদায়ের সময় ওয়ার্ডে বসবাসরত জনসাধারণের চলাচল ও নিরাপত্তার জন্য প্রতিটি ওয়ার্ডের বরাদ্দের অতিরিক্ত হিসেবে নতুন করে ৫০টি ২০ওয়াট এলইডি লাইট ও ৫০টি করে সিরামিক হোল্ডার মাহে রমজান এর পূর্বে বিতরণের পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে ২৪নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ আরমান আলী সভাকে অবহিত করেন যে, প্রতি তিনমাস অন্তর প্রতিটি ওয়ার্ডে ১.০ আরএম তার বরাদ্দ করা হয়। ৩০টি ওয়ার্ডে পোল সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বরাদ্দকৃত তার দ্বারা ওয়ার্ডের প্রতিটি রাস্তায় এলইডি লাইট সংযোগের মাধ্যমে আলোকায়ন সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে ১০নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ আব্বাস আলী সরদার সভাকে অবহিত করেন যে, প্রতিটি ওয়ার্ডে আসন্ন মাহে রমজান উপলক্ষে ওয়ার্ডসমূহে সম্পূর্ণ আলোকায়ন ব্যবস্থা নিশ্চিত করলে এক কয়েল ১.০ আরএম তার সরবরাহের পরামর্শ প্রদান করেন। আলোচ্য বিষয়ে সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, প্রতিটি ওয়ার্ডে ৫০টি করে ২০ওয়াট এলইডি লাইট, ৫০টি করে হোল্ডার এবং এক কয়েল তার সরবরাহ বাবদ কত টাকা ব্যয় হবে? এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) সভাকে অবহিত করেন যে, আসন্ন মাহে রমজান উপলক্ষে ৩০ওয়ার্ডে ১৫০০টি ২০ওয়াটের এলইডি বাল্ব প্রতিটি ৩৩০/- টাকা দরে মোট ৪,৯৫,০০০/- (চার লক্ষ পঁচানব্বই হাজার) টাকা, ১৫০০টি পিন টাইপ সিরামিক হোল্ডার প্রতিটি ৬০/- টাকা দরে ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা এবং ৩০ কয়েল ১.০ আরএম তার প্রতি কয়েল ২৩৭৫/- টাকা দরে ৭১,২৫০/- (একাত্তর হাজার দুইশত পঁঞ্চাশ) টাকাসহ সর্বমোট ৬,৫৬,২৫০/- (ছয় লক্ষ ছাপান্ন হাজার দুইশত পঁঞ্চাশ) টাকা ব্যয় হবে। এ প্রসঙ্গে সভার সদস্য সচিব বলেন যে, আলোচ্য কাজগুলি সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে ১৫০০টি ২০ওয়াটের এলইডি বাল্ব, ১৫০০টি সিরামিক হোল্ডার ও ৩০ কয়েল ১.০ আরএম তার সরবরাহে পিপিআর ২০০৮ এর ৬৯ ধারা অনুযায়ী অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে পৃথকভাবে দু’টি প্যাকেজে ক্রয় করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয় রাজস্ব/উন্নয়ন খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ এ বিষয়ে একমত পোষণ করেন।

সুপারিশ :

সভায় বিস্তারিত পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সুপারিশ গৃহীত হয়ঃ  
রাজশাহী সিটি কর্পোরেশনের ৩০টি ওয়ার্ডে আসন্ন মাহে রমজান উপলক্ষে আলোকায়ন ব্যবস্থা জোরদার করলে মোট ৬,৫৬,২৫০/- (ছয় লক্ষ ছাপান্ন হাজার দুইশত পঁঞ্চাশ) টাকা ব্যয়ে পিপিআর ২০০৮ এর ৬৯ ধারা অনুযায়ী অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে পৃথকভাবে দু’টি প্যাকেজে ক্রয় সম্পাদন এবং ক্রয়ের ব্যয় রাজস্ব/উন্নয়ন খাত হতে নির্বাহ করা।

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

(মোঃ রাসেল জামান)  
সম্মানিত সভাপতি  
পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটি  
এবং  
সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং-০৯  
তারিখ :

স্মারক নং : ৪৬.১২.৫০৮১.০০৬.০৭.২২০.২০২৩.৫৪৮(৪০)  
২৫.০২.২০২৪

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হলো :

১। জনাব ..... সদস্য, পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটি ও সম্মানিত  
কাউন্সিলর, ওয়ার্ড নং....., রাজশাহী সিটি কর্পোরেশন।

সদস্য সচিব  
পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটি  
ও  
প্রধান প্রকৌশলী  
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং : ৪৬.১২.৫০৮১.০০৬.০৭.২২০.২০২৩.৫৪৮(৪০)/৩  
২৫.০২.২০২৪

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হলো :

১। জনাব ..... সদস্য, পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটি ও সম্মানিত  
কাউন্সিলর, ওয়ার্ড নং....., রাজশাহী সিটি কর্পোরেশন।

তারিখ :

সদস্য সচিব  
পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটি  
ও  
প্রধান প্রকৌশলী  
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং : ৪৬.১২.৫০৮১.০০৬.০৭.২২০.২০২৩.৫৪৮(৪০)/৩/৪৭  
২৫.০২.২০২৪

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

২। সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

৩। বাজেট-কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

৪। নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), রাজশাহী সিটি কর্পোরেশন।

৫। মাননীয় মেয়র মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

তারিখ :

- ৬। উপ-সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন (তাকে পরবর্তী সাধারণ সভায় বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরণ করা হলো)।
- ৭। অফিস নথী।

সদস্য সচিব  
পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটি  
ও  
প্রধান প্রকৌশলী  
রাজশাহী সিটি কর্পোরেশন